আশুরা দিবসে ভালো খাবার আয়োজনের বিধান

حكم التوسعة على الأهل في يوم عاشوراء

<বাঙালি - Bengal - بنغالي>

জাকেরুল্লাহ আবুল খায়ের

ذاكر الله أبو الخير

ꕥ

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

مراجعة: د/ أبو بكر محمد زكريا

আশুরা দিবসে ভালো খাবার আয়োজনের বিধান

প্রশ্ন: অনেক আলেম ও বক্তাদের মুখে আশুরার দিন ভালো খাবার পরিবেশন করার কথা শুনা যায়, এ সম্পর্কে শরী'আতের বিধান কী?

উত্তর:

আশুরার দিন উত্তম খাওয়া পরিবেশন সম্পর্কে সহীহ বা বিশুদ্ধ কোনো বর্ণনা পাওয়া যায় নি। তবে একটি হাদীস আমাদের দেশে অনেক বক্তার মুখে শোনা যায় এবং বিভিন্ন পুস্তিকায় পাওয়া যায়, তা হলো "যে ব্যক্তি এ দিনে তার পরিবার পরিজনের জন্য উত্তম খাবার পরিবেশন করে, আল্লাহ তাদের জন্য পূর্ণ এক বছর ভালো খাবারের ফয়সালা করেন"। হাদীসটি সম্পূর্ণ ভিত্তিহীন।

কোনো আমল প্রমাণিত হতে হলে অবশ্যই তার সপক্ষে বিশুদ্ধ হাদীস তথা প্রমাণ থাকতে হবে। প্রমাণ ছাড়া কোনো কিছু বলা বা করা সম্পূর্ণ বিদ'আত। কারণ হাদীসে এসেছে, যে ব্যক্তি এমন কোনো আমল করলো যার সপক্ষে কোনো দলীল নেই -তা প্রত্যাখ্যাত। সুতরাং প্রশ্নে উল্লিখিত এ ধরনের কিছু বিশ্বাস করা বা আমল করা সবই বিদ'আত ও বর্জনীয়।

সমাপ্ত